গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ২৫ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | বিকাল ৩:০০ টা |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ, নাটোর |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট' 'ক' এ প্রদর্শিত। |

সভাপতি উপস্থিত (পরিশিষ্ট 'ক') সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ২ টি সভা করতে হবে এবং এ সভায় আবশ্যিকভাবে সিটিজেন চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং এ সভায় আবশ্যিকভাবে বিভিন্ন ধরণের অংশীজন ও সেবাগ্রহীতাগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে। অতপর: নিম্নবর্ণিত আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা হয় এবং তৎপ্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা করা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দপ্তরে আগত নানা ধরণের সুফলভোগী ও অন্যান্য অংশীজনদের (stakeholders) অংশগ্রহণে সভা করে তাদের প্রতিভাব যাচাই করা খুবই গুরুত্বপূর্ণ। এতে করে সেবা প্রদানের অন্তরায় দূর হয়, সেবার মানোন্নয়ন ঘটে, অংশীজনদের সাথে সুসম্পর্ক তৈরি হয়। কাজেই জেলা মৎস্য দপ্তর ও আওতাধীন সব দপ্তরে এপিএ লক্ষ্যমাত্রা মোতাবেক নিয়মিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করার বিষয়টি আলোচনা করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ২. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। নৈতিকতা কমিটির সভার কার্যপরিধি অনুযায়ী শুদ্ধাচার প্রতিষ্ঠায় এপিএ চুক্তির সংযোজনী-৪ এর আওতায় গৃহীত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এসকল বিষয় এজেন্ডাভুক্ত করে প্রতি ত্রৈমাসিকে সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। | জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |

<table>
<tr><th>ক্র.নং</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>৩.</td><td>কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং কর্মদক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ</td><td>স্ব স্ব এপিএ লক্ষ্যমাত্রা মোতাবেক কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া, বিভিন্ন কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়ের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান এবং কর্মদক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।</td><td>জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)</td></tr>
<tr><td>৪.</td><td>কর্মপরিবেশ উন্নয়ন</td><td>স্ব স্ব কার্যালয়ের কর্ম-পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম যেমন: টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা/প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীদের দাপ্তরিক পোষাক সরবরাহ ও পরিধান নিশ্চিত করা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।</td><td>এপিএ চুক্তির আওতায় কর্মপরিবেশ উন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণক সংরক্ষণ করতে হবে।</td><td>জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)</td></tr>
<tr><td>৫.</td><td>সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ</td><td>স্ব স্ব কার্যালয় থেকে যে সকল সেবা প্রদান করা হয় সে সকল সেবা যারা গ্রহণ করছেন সেই সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য রেজিষ্টার সংরক্ষণ করার বিষয়ে আলোচনা হয়। রেজিষ্টারে সেবার মান সম্পর্কে মতামত দেয়ার জন্য সেবাগ্রহীতাদের উদ্বুদ্ধ করার জন্য বলা হয়। এক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক নিম্নোক্ত ছকে রেজিস্টার সংরক্ষণ করতে বলা হয়।
<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>গৃহীত সেবার নাম</th><th>সেবাগ্রহীতার নাম,ঠিকানা, পেশা ও মোবাইল নম্বর</th><th>সেবাগ্রহীতার মতামত</th></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td><td>সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে।</td><td>জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)</td></tr>
<tr><td>৬.</td><td>সিটিজেন চার্টার বিষয়ক আলোচনা</td><td>জেলা কার্যালয় ও আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা হয়।</td><td>জেলা কার্যালয় ও আওতাধীন দপ্তরের এপিএ চুক্তির সংযোজনী-৭ এর আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও প্রমাণক সংরক্ষণ করতে হবে।</td><td>জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)</td></tr>
<tr><td>৭.</td><td>অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক আলোচনা</td><td>নির্দিষ্ট সময়ের মধ্যে জিআরএস সিস্টেম, অফলাইন ও অনলাইনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও আপীল নিষ্পত্তি করার বিষয়ে আলোচনা হয়। অভিযোগ পাওয়া না গেলে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা আয়োজনের বিষয় আলোচনা হয়। প্রাপ্ত অভিযোগ</td><td>স্ব স্ব এপিএ চুক্তির সংযোজনী-৬ মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন ও প্রমাণক সংরক্ষণ করতে</td><td>জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)</td></tr>
</table>

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | পর্যালোচনা করে অভিযোগ উদ্ভবের কারণ সনাক্তকরণ, করণীয় নির্ধারণ ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা হয়। অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট নিয়মিত প্রেরণ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ে প্রশিক্ষণ ও স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | হবে। | |
| ৮. | তথ্য অধিকার আইন বিষয়ক আলোচনা | তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তির বিষয়ে আলোচনা হয়। জেলা ও উপজেলা কার্যালয় হতে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরার লক্ষ্যে সভা, সেমিনার, কর্মশালা ইত্যাদি করার বিষয়ে আলোচনা হয়। | স্ব স্ব এপিএ চুক্তির সংযোজনী-৮ মোতাবেক তথ্য অধিকার বিষয়ক কার্যক্রম বাস্তবায়ন ও প্রমাণক সংরক্ষণ করতে হবে। | জেলা/ সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) |

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৫-০৯-২০২৩
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.১৯.৪৪৮/১(৪০)

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর;

২। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;

৩। সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য অফিসারের কার্যালয়, নাটোর;

৪। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;

৫। খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর;

৬। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর;

৭। অন্যান্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর;

৮। জনাব, ........................................................., মৎস্যচাষি/ মৎস্যজীবী/ মৎস্য খাদ্য সংশ্লিষ্ট লাইসেন্স গ্রহীতা/ হ্যাচারী মালিক;

৯। জনাব, ..........................................................., মৎস্য পণ্য ও সেবা সংশ্লিষ্ট অন্যান্য সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান, নাটোর। এবং

১০। জনাব, ........................................................................, অত্র দপ্তর।

২৫-০৯-২০২৩
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

পরিশিষ্ট-ক: উপস্থিতির বিবরণ